



রেজিস্ট্রার দপ্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা-১১০০, বাংলাদেশ।

ফোন : ৯৫৩৪২৫৫

ফ্যাক্স : (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯

তারিখ : ০২ জুলাই ২০২০

জবি/প্রশা-৩২/২০০৭/৬৩৭

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানাচ্ছি যে, উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে অদ্য ২ জুলাই ২০২০ তারিখ সকাল ১১.০০ টায়, ড্রেজারার, সকল অনুষদের ডীন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অ ও হি/ প ও উ/আই.টি/IQAC), পরীক্ষা নিয়ন্ত্রক, লাইব্রেরিয়ান সমন্বয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনলাইনে ক্লাস গ্রহণ করার বিষয়ে এক অনলাইন মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ১। আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউট অনলাইন ক্লাস শুরু করবে। অনলাইন ক্লাসের ভিডিওসমূহ Youtube/facebook প্ল্যাটফর্মেও Upload করতে হবে যেন শিক্ষার্থীরা যেকোন সময়ে তা দেখতে পারে।
- ২। করোনা ভাইরাস (COVID-19 Pandemic) পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ হওয়ার পূর্বে যে সেমিস্টার চলমান ছিল সে সেমিস্টারের অসম্পন্ন থিওরিটিক্যাল ক্লাসসমূহ এবং ৪র্থ বর্ষ ও মাস্টার্স-এর শেষ সেমিস্টারের থিওরিটিক্যাল ক্লাসসমূহ আগস্ট, ২০২০ এর মধ্যে সম্পন্ন করতে হবে। সেপ্টেম্বর, ২০২০ থেকে পরবর্তী সেমিস্টারের থিওরিটিক্যাল ক্লাস শুরু করতে হবে।
- ৩। প্রত্যেক বিভাগ ও ইনস্টিটিউট স্ব-স্ব একাডেমিক কমিটির মিটিং এর মাধ্যমে ক্লাস রুটিনসহ ক্লাস গ্রহণ সংক্রান্ত অন্যান্য বিষয় নির্ধারণ করবে এবং শিক্ষার্থীদের জানানোর ব্যবস্থা নিবেন।
- ৪। মিডটার্ম/কোন পরীক্ষা অনলাইনে নেয়া যাবে না। তবে Assignment অনলাইনে নেয়া যাবে।
- ৫। অনার্স ৪র্থ বর্ষের ক্লাস সম্পন্ন হওয়ার পর মাস্টার্স ১ম সেমিস্টারের ক্লাস শুরু করতে হবে।
- ৬। শিক্ষার্থীদের থিসিস জমা ও ইন্টারশীপের বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যান/পরিচালক মহোদয় একাডেমিক কমিটির মাধ্যমে ব্যবস্থা নিবেন।
- ৭। On Campus ক্লাস শুরু হলে Refreshment Class এর জন্য ৩ (তিন) সপ্তাহ সময় দেয়া হবে এবং তখন ব্যবহারিক ক্লাসও গ্রহণ করা হবে।
- ৮। নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তর প্ল্যাটফর্ম তৈরী করারসহ অনলাইনে ক্লাস গ্রহণ সংক্রান্ত কারিগরী/আই.টি সংক্রান্ত সহায়তা প্রদান করবে।
- ৯। অনলাইন ক্লাস গ্রহণের সুবিধার্থে প্রত্যেক শিক্ষার্থীর কাছে ইন্টারনেট সুবিধা পৌঁছানোর জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়, যে সকল পদক্ষেপ গ্রহণ করেছে তা দ্রুত বাস্তবায়নের জন্য সভায় আহ্বান জানানো হয়।

উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করছি।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)  
রেজিস্ট্রার

তারিখ : ০২ জুলাই ২০২০

জবি/প্রশা-৩২/২০০৭/৬৩৭

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১-৬। ডীন, সকল অনুষদ, জবি।
- ৭-৮। পরিচালক (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/আধুনিক ভাষা ইনস্টিটিউট, জবি।
- ৯-৪৪। চেয়ারম্যান, সকল বিভাগ, জবি।
- ৪৫। গ্রন্থাগারিক, জবি।
- ৪৬। প্রক্টর, জবি।
- ৪৭-৫৪। পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অওহি/পউও/আইটি/IQAC/PRIP), জবি।
- ৫৫। পরীক্ষা নিয়ন্ত্রক, জবি।
- ৫৬। প্রধান প্রকৌশলী, জবি।
- ৫৭। পরিবহন প্রশাসক, জবি।
- ৫৮। ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি।
- ৫৯। মেডিকেল সেন্টার, জবি।
- ৬০। সহকারী পরিচালক (অডিট), ড্রেজারার দপ্তর (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি।
- ৬১। নিরাপত্তার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জবি।
- ৬২। অফিস/সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ মশিরুল ইসলাম)  
ডেপুটি রেজিস্ট্রার।